গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
প্রশাসন শাখা-০১
www.rdcd.gov.bd

১৪ ফাল্গুন, ১৪২৪ বঙ্গাব্দ

স্মারক নং-৪৭.০০.০০০০.০৩১.১৬.১৮৫.১৭/ ৩৩২ তারিখঃ------------------------------
২৮ ফেব্রুয়ারি, ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ২০০৯ সাল থেকে এ বিভাগের উল্লেখযোগ্য উন্নয়ন এবং জনকল্যাণমূলক কার্যক্রমের সংক্ষিপ্ত বিবরণীর হালনাগাদ তথ্য (হার্ড কপি ও সফ্‌ট কপি) তথ্য মন্ত্রণালয়ে প্রেরণ।

সুত্রঃ তথ্য মন্ত্রণালয়ের স্মারক নং-১৪১, তারিখঃ ১২/০২/২০১৮ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে ২০০৯ সাল থেকে অদ্যাবধি এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা/প্রকল্পের উল্লেখযোগ্য উন্নয়ন এবং জনকল্যাণমূলক কার্যক্রমের সংক্ষিপ্ত বিবরণীর হার্ড কপি ও সফ্‌ট কপি ই-মেইলে এবং প্রযোজ্য ক্ষেত্রে তা অডিও ও ভিডিও আকারে আগামী ০৩ (তিন) কার্য দিবসের মধ্যে এ বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ০১ (এক) ফর্দ।

২৮/০২/২০১৮
(নাহ্‌রিন সুলতানা)
সহকারী সচিব
ফোনঃ +৮৮-০২-৯৫৭০৬৪৬
(e-mail: a_sec_1@ymail.com)

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):-

০১। মহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি), পল্লী ভবন, ৫, কাওরান বাজার, ঢাকা।
০২। নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, সমবায় ভবন, আগারগাঁও, ঢাকা।
০৩। মহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী (বার্ড), কুমিল্লা।
০৪। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লি: (মিল্ক ইউনিয়ন), ঢাকা।
০৫। প্রকল্প পরিচালক, একটি বাড়ী একটি খামার প্রকল্প, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, প্রবাসী কল্যাণ ভবন (লেভেল-১৩, পশ্চিম অংশ) ৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা।
০৬। মহাপরিচালক, বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমী (বাপার্ড), কোটালীপাড়া, গোপালগঞ্জ।
০৭। মহাব্যবস্থাপক, বাংলাদেশ সমবায় ব্যাংক লি:, ৯/ডি, মতিঝিল, ঢাকা-১০০০।
০৮। মহাপরিচালক (ভারপ্রাপ্ত), পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ) বগুড়া।
০৯। ব্যবস্থাপনা পরিচালক, ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন (এসএফডিএফ), পল্লী ভবন, কারওয়ান বাজার, ঢাকা।
১০। ব্যবস্থাপনা পরিচালক, পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন, বাড়ি নং-০৫, এভিনিউ-০৩, রূপনগর, মিরপুর, ঢাকা।
১১। সিস্টেম এনালিস্ট, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে আপলোডের অনুরোধসহ)।

ভারপ্রাপ্ত সচিব
তথ্য মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আ: স: পত্র নং-১৫.০০.০০০০.০০২.৯৯.০০২.১৮. ১৪৩

তারিখ: ৩০ মাঘ ১৪২৪ বঙ্গাব্দ
১২ ফেব্রুয়ারি ২০১৮ খ্রিস্টাব্দ

প্রিয় মহোদয়,

আপনি নিশ্চয় অবগত আছেন, তথ্য মন্ত্রণালয় সরকারের অর্জিত সাফল্য ও উন্নয়ন ভাবনা বিষয়ে প্রচার-প্রচারণার কাজে জনগণকে সম্পৃক্ত করে অন্তর্ভুক্তিমূলক উন্নয়ন নিশ্চিতকরণে গুরুত্বপূর্ণ অবদান রাখছে। সরকারের উন্নয়ন ও সেবামূলক কর্মকান্ডের বিষয়ে জনসচেতনতা সৃষ্টি; মুক্তিযুদ্ধের স্বপক্ষের অবস্থান যথাযথভাবে তুলে ধরে জঙ্গিবাদ, সন্ত্রাস ও উন্নয়নে প্রতিবন্ধকতা দূর করে 'উন্নত বাংলাদেশ' বিনির্মাণে কার্যকর পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন।

০২। সরকারের আন্তরিকতা ও প্রচেষ্টার পাশাপাশি সকলের সম্মিলিত উদ্যোগে বিগত কয়েক বছরে দেশের আর্থ-সামাজিক উন্নয়ন এবং মানুষের জীবনযাত্রার মানোন্নয়নে প্রভূত অগ্রগতি সাধিত হয়েছে। এ সব সফলতার বিষয় জনগণকে জানানো এবং উন্নয়নের মূলস্রোতে সকল শ্রেণি-পেশার মানুষকে যুক্ত করে রূপকল্প-২০২১ এর পথ ধরে রূপকল্প-২০৪১ বাস্তবায়নের লক্ষ্যে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ এর মতো তথ্য মন্ত্রণালয়ও নিবিড়ভাবে কাজ করছে। সে লক্ষ্যে সরকারের গুরুত্বপূর্ণ উন্নয়ন কর্মকাণ্ড, সাফল্য ও জনকল্যাণে সম্পাদিত কার্যাবলী জনগণকে অবহিত করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

০৩। ২০০৯ সাল থেকে আপনার মন্ত্রণালয়/বিভাগ এর উল্লেখযোগ্য উন্নয়ন এবং জনকল্যাণমূলক ২০(বিশ)টি কার্যক্রমের সংক্ষিপ্ত বিবরণীর হালনাগাদ তথ্য (হার্ডকপি ও সফটকপি) এ মন্ত্রণালয়ে প্রেরণ করা হলে তা জনগণকে অবহিত করা যেতে পারে। সফট কপি প্রেরণের জন্য ই-মেইল আইডি হলো admin4@moi.gov.bd এবং প্রযোজ্যক্ষেত্রে তা অডিও ও ভিডিও আকারে সরবরাহ করা যেতে পারে।

৪। বর্ণিত অবস্থায়, ২০০৯ সাল থেকে অদ্যাবধি আপনার মন্ত্রণালয়/বিভাগ এর উল্লেখযোগ্য উন্নয়ন ও জনকল্যাণমূলক ২০(বিশ)টি কার্যক্রমের সংক্ষিপ্ত বিবরণী তথ্য মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়ে আপনার ব্যক্তিগত দৃষ্টি আকর্ষণ করছি।

আন্তরিকভাবে আপনার

(মোঃ নাসির উদ্দিন আহমেদ)

জনাব মাফরুহা সুলতানা
সচিব
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ